
**আসসালামু আলাইকুম।**
ঘিলাছড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের ৬৫ বছর পূর্তি ও পুণর্মিলনী অনুষ্ঠান-২০২৬ এর অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রমে আপনাদের সবাইকে স্বাগতম।


৬৫ বছর পূর্তি ও পুণর্মিলনী অনুষ্ঠানে সবার অংশগ্রহণ নিশ্চিতকল্পে আমরা একটি অনলাইন রেজিস্ট্রেশন ফরম প্রস্তুত করেছি। আমরা আশা করছি স্বতঃস্ফূর্তভাবে এতে সবাই অংশগ্রহণ করবেন এবং রেজিস্ট্রেশন কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করবেন।

আপনাদের সুবিধার্থে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পর্কে কিছু ধারণা দিচ্ছি-

প্রথমেই আপনারা https://edupaybd.com/institute/9 এই লিংক ব্যবহার করে ওয়েবসাইটে প্রবেশ করবেন।




এরপর রেজিস্ট্রেশনের জন্য 65 Years Anniversary and Reunion Registration Form এর উপর ক্লিক করবেন। অথবা সরাসরি https://edupaybd.com/event/6895f5dde85dcf2ad854cc6c লিংকে প্রবেশ করবেন।




Registration Form এ প্রবেশ করার পর প্রয়োজনীয় সঠিক তথ্য দিয়ে ফরমটি পূরণ করবেন। তবে মনে রাখবেন (*) চিহ্নিত ফিল্ডগুলো অবশ্যই পূরণ করতে হবে এবং ছবি আপলোড করার পূর্বে ছবিটি 2MB সাইজের আছে কি-না যাচাই করে নিবেন।


তথ্য সঠিকভাবে পূরণ হয়ে গেলে Preview এর জন্য নীচের Next বাটনে ক্লিক করুন।




এখানে সকল তথ্য সঠিক আছে কি-না একবার দেখে নিন।


তথ্য সঠিক থাকলে Payment এর জন্য Next বাটনে ক্লিক করুন।

এরপর পেমেন্ট গেটওয়ে SSL Commerz বাটনে ক্লিক করুন।



এরপর এখানে টাকা পেমেন্ট এর জন্য বিভিন্ন অপশন আসবে।

**কার্ড এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করতে চাইলে-**




কার্ড এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করতে চাইলে কার্ড Cards এর উপর ক্লিক করুন এবং Enter Card Number এর বক্সে আপনার VISA Card নম্বর দিবেন, MM/YY এর বক্সে আপনার কার্ডের Expire Month and year দিবেন, CVC/CVV বক্সে আপনার কার্ডের উল্টো পার্শ্বে থাকা ০৩ সংখ্যার নম্বর দিবেন এবং Card holder Name এর বক্সে কার্ডে আপনার নাম যেভাবে লিখা আছে সেভাবে দিবেন। প্রয়োজনীয় তথ্য দিয়ে নীচের Pay বাটনে ক্লিক করুন। এরপর আপনার মোবাইলে OTP আসবে। OTP দিন এবং রেজিস্ট্রেশন ও পেমেন্ট সম্পন্ন করুন। পেমেন্ট সম্পন্ন হলে কয়েক সেকেন্ডের মধ্যে Invoice এর একটি Download Option আসবে। Invoice টি প্রিন্ট অথবা Download করে রেখে দিন।



Ghilachara Dimukhi High School

65 Years Anniversary and Reunion Registration Form


Invoice Number: INV-210825H3RKXG
Invoice Date: 21 Aug, 2025


**Payment Details**

| | |
|---|---|
| Name: | Shorof Uddin Ahmed |
| Transaction ID: | 210825H3RKXG |
| Transaction Medium: | SSLCOMMERZ |
| Submission ID: | 68a7489addfc04a7ac6556e8 |
| Amount: | 300 Taka |
| Bank Account Number: | 0112011753691 |
| Bank Name: | EXIM Bank (Fenchuganj Branch, Sylhet) |
| Number of Participants (With pay): | 1 |
| Number of Participants (Without pay): | undefined |

© 2025 All Rights Reserved
Made by EdupayBD
Shorof Uddin Ahmed, Programmer, Shahjalal University of Science and Technology, Sylhet

**মোবাইলের মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করতে চাইলে-**




মোবাইলের মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করতে চাইলে Mobile Banking এর উপর ক্লিক করুন এবং বিকাশ অথবা নগদ সিলেক্ট করে নীচের Pay বাটনে ক্লিক করুন। এরপর আপনার বিকাশ অথবা নগদের নম্বর দিন। এরপর আপনার মোবাইলে ০৬ ডিজিটের একটি OTP আসবে। OTP দিন। সর্বশেষ আপনার পিন নম্বর দিয়ে রেজিস্ট্রেশন এবং পেমেন্ট সম্পন্ন করুন। পেমেন্ট সম্পন্ন হলে কয়েক সেকেন্ডের মধ্যে Invoice এর একটি Download Option আসবে। Invoice টি প্রিন্ট অথবা Download করে রেখে দিন।

Ghilachara Dimukhi High School


## Sponsor/Donation Form

| | |
|---|---|
| Invoice Number: | **INV-2208254LEW4W** |
| Invoice Date: | 22 Aug, 2025 |

### Payment Details

| | |
|---|---|
| Name: | Shorof Uddin Ahmed |
| Transaction ID: | 2208254LEW4W |
| Transaction Medium: | SSLCOMMERZ |
| Submission ID: | 68a7f327ddfc04a7ac6557b8 |
| Amount: | 10 Taka |
| Bank Account Number: | 0112011753691 |
| Bank Name: | EXIM Bank (Fenchuganj Branch, Sylhet) |

**যদি কেউ স্পন্সর/ডোনেশন করতে চান** তাহলে প্রথমেই আপনারা https://edupaybd.com/institute/9 এই লিংক ব্যবহার করে ওয়েবসাইটে প্রবেশ করবেন এবং এরপর Sponsor/Donation Form এর উপর ক্লিক করবেন। অথবা সরাসরি https://edupaybd.com/event/689da0c9f43397db88c28cfb লিংকে প্রবেশ করবেন।




রেজিস্ট্রেশন ফরম এর মতই প্রয়োজনীয় তথ্য দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন এবং Invoice টি প্রিন্ট অথবা Download করে রেখে দিন। মনে রাখেবেন স্পন্সর অথবা ডোনেশনকারী ঘিলাছড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী হলে তাঁকে অনুষ্ঠানে অংশ গ্রহণের জন্য 65 Years Anniversary and Reunion Registration Form টি পূরণ করতে হবে এবং পেমেন্ট সম্পন্ন করতে হবে, তবে স্পন্সর অথবা ডোনেশনকারী ঘিলাছড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী না হলে তাঁকে 65 Years Anniversary and Reunion Registration Form টি পূরণ করার প্রয়োজন নেই।

সবাইকে যত্ন সহকারে সঠিক তথ্য প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি। আপনার প্রদত্ত তথ্য পরবর্তীতে ম্যাগজিন প্রকাশের কাজে এবং একে-অপরের সাথে যোগাযোগসহ বিভিন্ন সামাজিক কাজে ব্যবহার করা যাবে।

পরিশেষে ঐতিহ্যবাহী ঘিলাছড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের ৬৫ বছর পূর্তি ও পুণর্মিলনী অনুষ্ঠানে সকলের অংশগ্রহণ এবং সার্বিক সহযোগিতা কামনা করছি।

সবাইকে ধন্যবাদ। আল্লাহ হাফেজ।

ধন্যবাদান্তে,

**(শরফ উদ্দিন আহমদ)**
প্রোগ্রামার
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
ও
যুগ্ম আহ্বায়ক, অনলাইন রেজিস্ট্রেশন উপ-কমিটি
৬৫ বছর পূর্তি ও পুণর্মিলনী অনুষ্ঠান'২০২৬
ঘিলাছড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
(প্রাক্তন শিক্ষার্থী-১৯৯৭ ব্যাচ)